

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৮১/২০১৬

তারিখঃ ১৫/১২/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর স্মারক নং-08.01.0000.091.01.001.16 (অংশ-৩)/১০৮০ তারিখ : ৭/১২/২০১৬ খ্রিঃ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-  
মোহাম্মদ মুছা  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

নথি নং-08.01.0000.091.01.001.16 (অংশ-৩)/১০৮০

তারিখ : ৭/১২/২০১৬ খ্রিঃ

### আদেশ

বিষয়ঃ- ASYCUDA World System এর আওতায় e-EXP অটোমেশন প্রসঙ্গে।

জাতীয় রাজস্ব বোর্ড এর আওতাধীন ৬টি শুল্ক ভবন, ৯টি শুল্ক স্টেশন ৯টি অফ-ডক, চট্টগ্রাম শাহ আমানত এয়ারফ্রেইট ইউনিটে ASYCUDA World System চালুর মাধ্যমে অটোমেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত অটোমেশন কার্যক্রমের ধারাবাহিকতায় ইলেক্ট্রনিক ডাটা আদান প্রদানের লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকসমূহ কর্তৃক ইস্যুকৃত EXP এর ডাটা বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরাসরি ASYCUDA World System এ প্রতিদিন আপলোড করা হচ্ছে। এমতাবস্থায়, আগামী ১২/১২/২০১৬ খ্রিঃ তারিখ হ'তে ASYCUDA World System এর আওতায় e-EXP এর অটোমেশন কার্যক্রম পূর্ণাঙ্গরূপে শুরু করার পরিকল্পনা রয়েছে। উল্লেখ থাকে যে, এ কার্যক্রমের আওতায় পাইলট হিসেবে কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকায় তা চালু করা হবে। পাইলটটি সফলভাবে বাস্তবায়ন হলে পর্যায়ক্রমে এটি অন্যান্য কাস্টম হাউস ও এলসি স্টেশনে বাস্তবায়নের কাজ শুরু করা হবে। যা ২৬/১২/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক আপলোডকৃত EXP এর তথ্যের সাথে দাখিলকৃত বিল অব এক্সপোর্টের তথ্যের সামঞ্জস্যতা বিধানপূর্বক বিল অব এক্সপোর্ট প্রক্রিয়াকরণের লক্ষ্যে ইলেক্ট্রনিক বিল অব এক্সপোর্টের ৪৪ নম্বর বক্সের CRF/EXP No এর কলামে ৬ ডিজিটের EXP নম্বর ও পরবর্তী কলামে তারিখ প্রদান করতে হবে। যেমন :

CRF/EXP No	016270	01/11/2016
------------	--------	------------

৬ ডিজিটের EXP এর তথ্য ও তারিখ প্রদান ব্যতিরেকে কোন বিল অব এক্সপোর্ট প্রসেস করা যাবে না। উল্লেখ্য, সকল ধরনের রপ্তানির ক্ষেত্রে ৬ ডিজিটের EXP এর তথ্য ও তারিখ বাধ্যতামূলক। উল্লেখ থাকে যে, বর্তমানে বাংলাদেশ ব্যাংক EXP ডাটা ব্যাচভিত্তিক আপলোড করা হয়ে থাকে। পরিবর্তিত পরিস্থিতিতে ডাটাসমূহ real time আপলোড করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০৩। এ আদেশ প্রতি পালনে ৬টি শুল্ক ভবন, ৯টি শুল্ক স্টেশন ৯টি অফ-ডক, চট্টগ্রাম শাহ আমানত এয়ারফ্রেইট ইউনিটের তত্ত্বাবধানকারী কমিশনারগণ প্রয়োজনে বিস্তারিত কার্যপদ্ধতি উল্লেখ করে একটি অভ্যন্তরীণ আদেশ জারি করতে পারে। স্থানীয়ভাবে প্রশিক্ষণের ব্যবস্থা করে বিষয়টি সংশ্লিষ্টদের বুঝিয়ে দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে কোন কারিগরি সহযোগিতার প্রয়োজন হলে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড টীমের সহযোগিতা নেয়া যেতে পারে।

স্বাক্ষরিত/-  
মোঃ ফরিদ উদ্দিন  
সদস্য [কাস্টমস্ পলিসি]  
এবং  
কর্মসূচী পরিচালক

ASYCUDA World Programme  
জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা

নথি নং-08.01.0000.091.01.001.16 (অংশ-৩)

তারিখ ৭/১২/২০১৬ খ্রিঃ